

ধর্ম সঙ্গীত

কি হবে গতি,
বিশ্বপতি,
শান্তি কোথা আচে—
তোমারে দাও,
আশা পূরাও,
তুমি এস কাচে ॥

সংসারেতে চারিধার করিয়াচে অঙ্ককার,
ময়নে তোমার জ্যোতি অধিক ফুটেচে তাই ।
চৌদিকে বিষাদ-ঘোরে ঘেরিয়া ফেলেচে মোরে,
তোমার আনন্দ-মুখ হৃদয়ে দেখিতে পাই ॥
ফেলিয়া শোকের ভায়া মৃত্যু কিবে পায় পায়,
যতনের ধন যত কেড়ে কেড়ে নিয়ে যায় ;—
তবু সে মৃত্যুর মাঝে অন্ত মুর্তি রাজে,
মৃত্যাশোক পরিহরি ওই মুখপানে ঢাই ॥

হৃদয়-নন্দন-বনে নিভৃত এ নিকেতনে
এস হে আনন্দময়, এস চির-সুন্দর ॥
দেখাও তব প্রেমমুখ, পাসরি সর্ব দুখ,
বিরহ-কাতর তপ্ত চিত্তমাঝে বিহর ॥

গান

শুভদিন শুভরজনী আন আন এ জীবনে
ব্যর্থ এ নর-জনম সফল কর প্রিয়তম ;
মধুর চিরসঙ্গীতে ধ্বনিত কর অন্তর,
করিবে জীবনে মনে দিবানিশা সুধা-নিষাদ

হৃদয়-বেদনা বহিয়া প্রভু, এসেচি তব ধারে ॥
তুমি অস্ত্রার্মা হৃদয়স্বামী, সকলি জানিছ হে—
যত দুঃখ লাজ দারিদ্র্য সংকট আর জানাইব কারে ॥
অপরাধ কত করেচি নাথ, মোহ-পাশে পড়ে' ;
তুমি ঢাড়া প্রভু, মার্জনা কেত করিবে না সংসারে ॥
সব বাসনা দিব বিসর্জন তোমার প্রেম-পাথারে ;
সব বিরহ বিচ্ছেদ ভুলিব, তব গিলন-অঘৃত ধারে ॥
আর আপন ভাবনা পারি না ভাবিতে, তুমি লহ মোর ভার ;
পরিশ্রান্ত জনে প্রভু, ল'য়ে যাও সংসার-সাগরপারে ॥

আমার সত্য মিথ্যা সকলি ভুলায়ে দাও
আমায় আনন্দে ভাসাও ॥
না চাহি তর্ক না চাহি মৃক্ষি,
না জানি বক্ষ না জানি ঘৃক্ষি,
তোমার বিশ্বব্যাপিনী ইচ্ছা আমার অন্তরে জাগাও ॥